**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

**ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স**

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৩০৭ তারিখ : ১৬ জুলাই, ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

**প্রধান বার্তা সম্পাদক,**
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

**বিএফআইইউ এর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫ ও বিএফআইইউ এর কার্যক্রম সম্পর্কে প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের সাথে মতবিনিময়।**

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫ প্রকাশ ও এর কার্যক্রম সম্পর্কে অবহিতকরণে প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের সাথে ১৫ জুলাই ২০২৬ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও বিএফআইইউ এর উপ-প্রধান ইমতিয়াজ আহমদ মাসুম, বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র নির্বাহী পরিচালক আরিফ হোসেন খান, ডিপার্টমেন্ট অব কমিউনিকেশনস এন্ড পাবলিকেশন্সের পরিচালক, বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণ এবং বিএফআইইউ এর পরিচালকগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫ প্রকাশ উপলক্ষে বক্তব্য রাখছেন বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুন।

উক্ত মতবিনিময় সভায় বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা বলেন, বিএফআইইউ প্রতি বছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। এ বছরের প্রতিবেদনে পূর্বের বছরের ন্যায় বিভিন্ন তথ্যের পাশাপাশি একাধিক বিশ্লেষণমূলক প্রতিবেদন অন্তর্ভুক্ত করা হয়েছে। সভায় বিএফআইইউ প্রতিনিধি অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মশিউর রহমান বার্ষিক প্রতিবেদনের বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন। রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহ হতে বিএফআইইউতে দাখিলকৃত বিভিন্ন রিপোর্টের পরিসংখ্যান তুলে ধরেন। ২০২৪-২৫ অর্থবছরে রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহ বিএফআইইউ বরাবর সর্বমোট ৩০,১৯৯টি সন্দেহজনক লেনদেন/কার্যক্রম প্রতিবেদন (এসটিআর/এসএআর) দাখিল করেছে; যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় প্রায় ৭৪% বেশি। এছাড়া, বিএফআইইউ ২০২৪-২৫ অর্থবছরে ১৯৯টি আর্থিক গোয়েন্দা প্রতিবেদন বিভিন্ন তদন্তকারী সংস্থায় প্রেরণ করে যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ৪২.৭১% বেশি। অধিকন্তু, বিএফআইইউ ২০২৪-২৫ অর্থবছরে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা, নিয়ন্ত্রক সংস্থা ও সরকারি অন্যান্য সংস্থার সাথে ১,৩২৯টি তথ্য বিনিময় করেছে যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় প্রায় ১৫ শতাংশ বেশি।

চলমান পাতা-২

উপস্থাপনা শেষে উপস্থিত প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের অংশগ্রহণে একটি প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। প্রশ্নোত্তর পর্বে বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুন এবং বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও বিএফআইইউ এর উপ-প্রধান ইমতিয়াজ আহমদ মাসুম বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের সাথে বিএফআইইউ এর কার্যক্রম, বিদেশে অর্থ পাচার ও পুনরুদ্ধার এবং বিবিধ বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

## BFIU Holds Media Briefing on the Publication of the Annual Report 2024–25 and Its Operational Activities

The Bangladesh Financial Intelligence Unit (BFIU) held a media briefing with representatives from print, electronic, and online media on 15 July 2026 at 12:00 PM at the Jahangir Alam Conference Hall of Bangladesh Bank Head Office to mark the publication of the BFIU Annual Report 2024–25 and to provide an overview of its operational activities.

The meeting was chaired by Mr. Iqtiaruddin Md. Mamun, Head of BFIU. Among those present were Mr. Imtiaz Ahmad Masum, Executive Director of Bangladesh Bank and Deputy Head of BFIU; Mr. Arief Hossain Khan, Executive Director and Spokesperson of Bangladesh Bank; the Director of the Department of Communications and Publications; representatives of various print, electronic, and online media outlets; Directors of BFIU; and other concerned officials.

In his opening remarks, the Head of BFIU stated that BFIU publishes its Annual Report every year. Similar to previous editions, the Annual Report 2024–25 contains not only key operational statistics but also several analytical reports.

During the event, Mr. Md. Mashiur Rahman, Additional Director of BFIU, delivered a presentation highlighting the key features of the Annual Report and presented statistical information on reports submitted to BFIU by reporting entities.

The presentation revealed that reporting entities submitted a total of 30,199 Suspicious Transaction/Activity Reports (STRs/SARs) to BFIU during the fiscal year 2024–25, representing an increase of approximately 74 percent compared to the previous fiscal year.

During the same period, BFIU disseminated 199 Financial Intelligence Reports to various law enforcement and investigative agencies, reflecting an increase of 42.71 percent over the previous fiscal year.

Furthermore, BFIU exchanged 1,329 pieces of intelligence and information with various law enforcement agencies, regulatory authorities, and other government organizations during FY 2024–25, marking an increase of approximately 15 percent compared to the preceding fiscal year.

The presentation was followed by an interactive question-and-answer session with representatives of the print, electronic, and online media. During the session, Mr. Iqtiaruddin Md. Mamun, Head of BFIU, and Mr. Imtiaz Ahmad Masum, Executive Director of Bangladesh Bank and Deputy Head of BFIU, responded to a wide range of questions concerning BFIU's operational activities, efforts to combat and recover proceeds of money laundering transferred abroad, and other related issues.

**জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।**

**ধন্যবাদান্তে,**

**(সাঈদা খানম)**
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০৩০০
E-mail: sayeda.khanam@bb.org.bd